



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৯-২০২০/ ৮০৪

তারিখ : ০৯.০৭.২০১৯ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন ।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়ার অবসরপ্রাপ্ত প্রহরী (সশস্ত্র) জনাব মোঃ আনহার আলী (এ-১৭৭৯) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের চাকুরী হতে ২০১৭ সালে অবসরে গমনকারী সংশ্লিষ্ট কর্মচারী আবেদনে উল্লেখ করেছেন যে, তার মেয়ে মোছাঃ আফরোজা খাতুন পলি বিগত এক বছর যাবত কিডনী রোগে ভুগছেন। তার দুটি কিডনীই অকেজো হয়ে গিয়েছে। কুষ্টিয়া সদর হাসপাতাল, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকার জাতীয় কিডনী রোগ ইনস্টিটিউটসহ বেশ কয়েকটি হাসপাতালে চিকিৎসা করানো হয়েছে। সব হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ একমাত্র চিকিৎসা হিসেবে কিডনী পুনঃস্থাপনের পরামর্শ দিয়েছেন। মেয়ের শরীরে পুনঃস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মচারীর স্ত্রী তার একটি কিডনী দান করার ইচ্ছা ব্যক্ত করেছেন। কিডনী পুনঃস্থাপনের জন্য প্রায় ৮.০০(আট) লক্ষ টাকা প্রয়োজন।

০৩। দীর্ঘ দিন ধরে দূরারোগ্য ও ব্যয়বহুল এ রোগের চিকিৎসা করতে যেয়ে সংশ্লিষ্ট কর্মচারী অতিশয় আর্থিক সংকটে পতিত হয়েছেন। পরিবারের সদস্যদের নিয়ে খুবই কষ্টে দিনানিপাত করছেন। হাসপাতালের খরচ নির্বাহ করতে যেয়ে তিনি সব সহায় সম্বল ব্যয় করেছেন। ভূমিহীন, অসহায় ও দরিদ্র পিতা হিসেবে আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে তার একমাত্র মেয়ের চিকিৎসার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক পরিবারের সদস্য হিসেবে এই পরিবারের সকলের কাছে সংশ্লিষ্ট কর্মচারী মানবিক সাহায্য প্রার্থনা করেছেন।

০৪। এমতাবস্থায়, বিকেবি, কুষ্টিয়া শাখার অবসরপ্রাপ্ত সশস্ত্র প্রহরী জনাব মোঃ আনহার আলীর মেয়ের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়ায় পরিচালিত আবেদনকারীর সঞ্চয়ী হিসাব নং- ১০০৬০-এ যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ সেলিম খান)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। জনাব মোঃ আনহার আলী (এ-১৭৭৯), অবসরপ্রাপ্ত সশস্ত্র প্রহরী, বিকেবি, কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া।

০৭। নথি/অফিস নথি।